মেহেরপুরের যুগিন্দা মাঠে শত্রুতা মূলক কৃষকের ফলজ বাগানের গাছ কেটেছে দুবৃর্ত্তরা

মেহেরপুর সদরের যুগিন্দা গ্রামের বেলে মাঠে শত্রæতা মূলক কৃষকের ফলজ বাগানের গাছ কেটেছে দুবৃর্ত্তরা।
জানা যায়, মেহেরপুর সদরের রাজনগর গ্রামের মৃত ছলেমান শেখের ছেলে শরিফুল ইসলাম(৪৮) যুগিন্দা গ্রামের বেলে মাঠে গত চার মাস আগে ৭ বিঘা জমি লীজ নিয়ে প্রায় সাত লক্ষ টাকা ব্যয়ে একটি ফলজ বাগান তৈরী করে।

বাগানে উন্নতমানের বিভিন্ন জাতের ৮শ টি আম, ২ হাজার ২শ টি পেয়ারা, ৬শ টি লেবু, পঁচিশ টি কমলা লেবুর চারাসহ স্কোয়াস এর আবাদ শুরু করে।

গত মঙ্গলবার দিবাগত রাতে কে বা কারা শত্রæতামূলক বাগানের প্রায় ৭০ টি চারা আম গাছের মাথা কেটে ও উপড়িয়ে নষ্ট করে ফেলে রেখে যায়। এ ব্যাপারে প্রতিকার পেতে শরিফুল ইসলাম মেহেরপুর সদর থানায় একটি অভিযোগ দায়ের করেন।

অভিযোগ পেয়ে তাৎক্ষণিক সদর থানার উপ পরিদর্শক নাসির উদ্দীন সরেজমিনে পরিদর্শন শেষে তিনি বলেন- অভিযোগের প্রেক্ষিতে আমি ঘটনাস্থলে আসি, এই ফলজ গাছ যারা কেটেছে তারা দেশের শত্রæ জাতির শত্রæ, প্রকৃত দোষীদের আইনের আওতায় এনে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

শরিফুল ইসলাম জানান- ভাগ্যের চাকা ঘুরাতে বিদেশে গিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে দেশে ফিরে ফলজ বাগান করার স্বপ্ন দেখি । সেই লক্ষে আমি যুগিন্দার মাঠে সাত বিঘা জমি লীজ নিয়ে একটি মিশ্র ফলজ বাগান করি । যেখানে আম, পেয়ারা, লেবু, কমলা লেবুসহ শীতকালীন সবজি স্কোয়াস এর গাছ আছে।

কিন্তু আমার এই সফলতায় ঈর্ষান্বীত হয়ে কে বা কারা রাতের আঁধারে আমার প্রায় সত্তরটি চারা আম গাছ কেটে প্রায় ত্রিশ হাজার টাকার

ক্ষতি সাধন করে।

পরবর্তীতে এই ধরণের ক্ষতির হাত থেকে রক্ষা পেতে মেহেরপুর সদর থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

- বারাদী প্রতিনিধি

গাংনীতে মহান বিজয় দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মহান বিজয় দিবস পালন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলা পরিষদ সভাক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। প্রধান বক্তা ছিলেন সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, সাবেক মেয়র আহম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি সিরাজুল ইসলাম, মুক্তিযোদ্ধা মুনতাজ আলি, আমিরুল ইসলাম, হাবিবুর রহমান, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, সাবেক এমপি মকবুল হোসেনের একান্ত সহকারি জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি সাহিদুজ্জামান শিপু প্রমুখ।

এ সময় উপজেলার সকল স্তরের নেতৃস্থানীয় ব্যাক্তিবর্গ ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

- গাংনী প্রতিনিধি

যতারপুর-জাদুখালী ব্রিজ নির্মাণ করে দেয়া হবে

যতারপুর-জাদুখালীর মাঝখানে দীর্ঘদিন ধরে ব্রিজের অভাবে সাধারণ জনগনকে খুব কষ্টে সাঁকো পারাপার করতে হয়েছে।

যত দ্রæত সম্ভব তাদের এই কষ্ট নিরসন করতে হবে। তাই খুব তারাতারি যতারপুর-জাদুখালী ব্রিজ নির্মাণ করে দেয়া হবে।
বৃহস্প্রতিবার বিকালে মহাজনপুর ইউনিয়ন বাসীর আয়োজনে অনুষ্ঠিত মহাজনপুর মহাবিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ সকল কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন দোদুল।

তিনি বলেন, মুজিবনগরে ২৯ কি.মি. ভৈরব নদী খনন করা হয়েছে। ইতিমধ্যে আরও ৫৬ কি.মি. ভৈরব নদী খননের অনুমোদন হয়েছে। যত দ্রæত সম্ভব সেটার কাজও বাস্তবায়ন করা হবে।

মহাজনপুর ইউনিয়ন বাসীর যাতে টাকা লেনদেন করতে দুরদুরান্তে যেতে না হয় সে জন্যে কোমরপুর অথবা মহাজনপুরে একটা ব্যাংক স্থাপন করতে চাই।

এছাড়া মুজিবনগরের উন্নতির জন্যে তৈরি করা ম্যাফ মাননীয় প্রধানমন্ত্রীর কাছে উত্থাপন করা হয়েছে।
মুজিবনগরের উন্নয়নের জন্যে যা যা করার দরকার সকল কিছু তৈরি করে দেওয়া হবে। মানুষের কোন প্রত্যাশা অপুরন থাকবে না।

অনুষ্ঠান শুরুর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী নামফলক উন্মোচন করে মহাজনপুর মহাবিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন ঘোষনা করেন। এ সময় সেখানে মোনাজাত করা হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক আতাউল গনী, অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী প্রমুখ ।

পরে বিদ্যালয় প্রাঙ্গনে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় মুজিব নগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দিন লাভলু সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্যে রাখেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহানউদ্দিন চুন্নু, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনসহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ সংগঠনের নেতৃবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী সহ সাধারন জনগণ উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

- মুজিবনগর অফিস

গাংনীতে ধর্ষিতা নারীর সন্তান প্রসব

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের মিনাপাড়া গ্রামে ধর্ষণের শিকার সেই নারী এবার পুত্র সন্তান প্রসব করেছেন।

গত বুধবার সন্ধ্যার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সন্তান প্রসব করেন।
মামলার বাদী ধর্ষিতা ওই নারী জানান, মিনাপাড়া গ্রামের কুদ্দুস আলীর ছেলে হাসান আলী বিয়ের প্রলোভন দেখিয়ে প্রতিনিয়ত তার সাথে দৈহিক মেলামেশা করায় গর্ভবতি হয়ে পড়ি।

বিষয়টি হাসান আলীকে জানালে সে কিছু টাকা দিয়ে কোন ক্লিনিক থেকে গর্ভপাত ঘটানোর কথা বলে।
ধর্ষিতা নারীর স্বজনরা জানায়, যতোই দিন অতিবাহিত হয় ততোই তার শরীর বাড়তে থাকে। তার শারীরিক অস্থা দেখে বিষয়টি জেনে যায় পরিবারসহ প্রতিবেশী।

এমনকি গ্রামবাসিও। বিয়ের জন্য হাসান আলীকে বারবার অনুরোধ করা হলে সে বিয়েতে অপারগতা প্রকাশ করে।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ধর্ষিতা নারী বাদী হয়ে হাসান আলীর নামে ধর্ষণের একটি মামলা দায়ের করেছে। যার নং ২৪ তাং ২৫/০৬/১৯ ইং।

ধর্ষিতা নারীর মা জানায়, নবজাতকের পিতার স্বীকৃতি চায়। সন্তান প্রসব করার পর থেকে মামলার আসামী ও তার স্বজনরা সন্তান ছিনিয়ে নিতে মরিয়া হয়ে উঠেছে।

বর্তমানে আমরা আতঙ্কিত অবস্থায় হাসপাতালে রয়েছি।
গাংনী থানার এস আই ও মামলার তদন্তকারী কর্মকর্তা মাহাতাব আলী জানান, মামলার আসামী হাসানের ডিএনএ টেষ্ট করা হয়েছে।

এখন নবজাতকের ডিএনএ টেষ্ট করতে হবে। ডিএনএ টেষ্টের পর অপরাধী সনাক্ত করা সম্ভব হবে। এরপর আদালতে র্চাজশীট দেয়া হবে। মামলার আসামী হাসান আলী স¤প্রতি জামিনে মুক্তি পেয়েছেন।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমানকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

গাংনী উপজেলার বামুন্দী ইউনিয়নের অলীনগর গ্রামের নতুন পাড়ার মৃত তারণ মÐলের ছেলে বীর মুক্তিযোদ্ধা হাফিজুর রহমান ইন্তেকাল করেছেন।

গত বুধবার রাতে মৃত্যু বরণ করলে পরদিন গতকাল বৃহস্পতিবার বাদ আছর নিজ গ্রাম অলিনগর পারিবারিক কবরস্থানে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়।

গাড অব অণার প্রদান করেন গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

তার আগে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহি অফিসার দিলারা রহমান, সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের নেতা আমিরুল ইসলাম, দেলোয়ার হোসেন,

মুক্তিযোদ্ধা আলতাব হোসেন, মুক্তিযোদ্ধা আব্দুল গনি, আবুল খায়েরসহ জেলা ও উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও বামুন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল হক বিশ্বাস, সাবেক উপজেলা ভাইস জুলফিকার আলী ভুট্টু, ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানসহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা প্রশাসনের বিভিন্ন কমকতা বৃন্দ উপস্থিত ছিলেন। মৃত্যুকালে স্ত্রী রুমিয়া খাতুনসহ ৫ সন্তানসহ অসংখ্য গুনাগাহী রেখে যান।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর-চুয়াডাঙ্গা মহাসড়কের দিনদত্ত ব্রিজের নিকটে কাঁচামাল ভর্তি ট্রাক উল্টে আহত ৩

মেহেরপুর থেকে ছেড়ে আসা কাঁচামাল বোঝাই একটি ট্রাক বরিশাল যাওয়ার পথে মেহেরপুর-চুয়াডাঙ্গা মহাসড়কের দিনদত্ত ব্রিজ নামক স্থানে পৌঁছালে নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে পড়ে যায়।

তাতে আহত হন গাড়ির চালক গাড়ির হেলপার ও একজন কাঁচামাল ব্যবসায়ী।

জানা যায়, গতকাল রাত আনুমানিক ৮ টার দিকে মেহেরপুর থেকে ছেড়ে আসা কাঁচামাল ভর্তি একটি ট্রাক রাজনগর দিনদত্ত ব্রিজের নিকট পৌঁছালে

নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি খাদে পড়ে যায়।

তাতে আহত হয় গাড়ির চালক মীর হোসেন (৩৫) গাড়ির হেলপার রকিব হোসেন (৩৫) ও সাথে থাকা একজন কাঁচামাল ব্যবসায়ী (তাংক্ষনিক নাম পরিচয় পাওয়া যাইনি)।

স্থানীয়রা দ্রæত ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিস কর্মীরা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। মেহেরপুরের টহল পুলিশের একটি দল ব্রীজের নিকট অবস্থান করায় তারা তাদের উদ্ধার করে।

প্রত্যক্ষদর্শী এ আর বি কলেজের নৈশপ্রহরী বদরুল আলম জানান, মেহেরপুর থেকে ছেড়ে আসা কাঁচা মালবোঝাই একটি ট্রাক কুষ্টিয়ার ট-১১-৩০১৩ দ্রæত চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিল।

দিনদত্ত ব্রিজের নিকট পৌঁছালে গাড়ির চালক নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি খাদে পড়ে যায়। তাতে গাড়িতে থাকা লোকজন গুরুতর আহত হয়।

টহল পুলিশের একটি দল তাদের উদ্ধার করে ফায়ার সার্ভিসে খবর দিলে ফায়ার সার্ভিস কর্মীরা তাদের উদ্ধার করে।

দুর্ঘটনা কবলিত ট্রাকটি মেহেরপুর বড়বাজারের আবির ভান্ডারের বলে জানা যায়।

- বারাদী প্রতিনিধি

বন্ধ হচ্ছে অনিবন্ধিত অনলাইন পত্রিকা

অনিবন্ধিত অবৈধ অনলাইন নিউজপোর্টালের বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছে সরকার।

আসছে ৩০ নভেম্বরের পর থেকেই সরকার এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়া শুরু করবে বলে জানিয়েছেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান।

বুধবার সন্ধ্যায় জাতীয় জাদুঘরে কবি সুফিয়া কামাল মিলনায়তনে দুর্জয় বাংলা সাহিত্য ও সামাজিক ফাউন্ডেশনের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা

মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর পৌর সভার সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রাক্টিক্যাল একশন এর প্রকল্প ব্যবস্থাপক সাইফ মঞ্জুর, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, সোহেলের ডলার, জাফর ইকবাল, মীর জাহাঙ্গীর হোসেন, শাকিল রাব্বি ইভান, রুলস অফ রাজিব, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি, উপজেলা সমবায় কর্মকর্তা স্বপন কুমার সরকার, পৌর সচিব তৌফিকুল আলম প্রমূখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সিএমসি বিদ্যালয়ের ছাদ ঢালাই কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের নির্মাণাধীন বিল্ডিং এর ছাদ ঢালাই কাজের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে সি এম সি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহেদী রুমি ছাদ ঢালাই উদ্বোধন কর হয়। এসময় শিক্ষকসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে সুজুকি মোটরসাইকেল শোরুম এর উদ্বোধন

মেহেরপুর শহরের কোর্ট সড়কে সুজুকি মোটরসাইকেল শোরুম এর উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকালে ফিতা কেটে এর শোরুমের উদ্বোধন করা হয়।

জেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডষ্ট্রি‘র সাভাপতি গোলাম রসূল ফিতা কেটে সুজুকি শোরুম এর উদ্বোধন করেন।

এ সময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সুজুকি শোরুম এর মালিক হাসানুল হক সবুজ, জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আজিমুল বারি মুকুল, শাহানা ইসলাম সান্তনা, খাজা মইনুদ্দিন, মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডষ্ট্রি‘র সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল লিমন প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে সেখানে দোয়া অনুষ্ঠিত হয় এবং পরে ফিতা কেটে শো-রুমের

উদ্বোধন করা হয়

-নিজস্ব প্রতিনিধি